




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়



৪০/১, মাহাতাব উদ্দিন সড়ক, পুরাতন কাটাইখানা মোড়, কুষ্টিয়া-৭০০০

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, কুষ্টিয়া কার্যালয়ে অনুষ্ঠিত ৩টি উল্লেখযোগ্য কার্যক্রমের বিবরণ:

ক্রমিক নং	বিষয়	কার্যক্রম	প্রমাণক
১	২	৩	৪
১.	শেখ রাসেল এর জন্মদিন পালন	১৮ই অক্টোবর ২০২১ সালে স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর জন্মদিন যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে সকালে জেলা প্রশাসক, কুষ্টিয়া নির্ধারিত স্মৃতি মঞ্চে পুষ্পস্তবক অর্পন করা হয় এবং আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহণ করা হয়।	সংযুক্তি -১
২.	বিডা'র সমন্বিত পরিদর্শন কার্যক্রম	বিডা'র সমন্বিত পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করার জন্য কুষ্টিয়া কার্যালয়ের অধীনে তিনটি পরিদর্শন টিম নং- ৬৬, ৬৭ ও ৬৮ গঠন করা হয়। এই তিনটি টিমের অধীনে প্রতিটির ৪৫টি করে মোট ১৩৫টি কারখানা পরিদর্শন করা হয়। অত্র দপ্তরের উপমহাপরিদর্শক, সহকারী মহাপরিদর্শক এবং একজন পরিদর্শক তিনটি টিমের সদস্য-সচিবের দায়িত্ব পালন ও সমন্বয়ের কাজ করেন।	সংযুক্তি -২
৩.	শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের চেক বিতরণ	অসুস্থ শ্রমিকের চিকিৎসা ব্যয়, দরিদ্র শ্রমিকের মেধাবী সন্তানদের পড়াশোনার জন্য এককালীন আর্থিক সাহায্য প্রদান এবং মৃত শ্রমিকের উত্তরাধিকারীর আর্থিক সাহায্য প্রদানের নিমিত্তে অত্র দপ্তর সংশ্লিষ্ট শ্রমিকদের ও উত্তরাধিকারীদের ফরম পূরণে সহযোগিতা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন। তাছাড়া বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের প্রদেয় চেকসমূহ দায়িত্ব সহকারে সংশ্লিষ্ট শ্রমিকদের প্রদানে অত্র দপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।	সংযুক্তি -৩


(হিমন্সু কুমার সাহা)


সহকারী মহাপরিদর্শক (সাধারণ)

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, কুষ্টিয়া

১. জাতির পিতার কনিষ্ঠপুত্র শেখ রাসেলের জন্মদিন উদযাপন এর ক্যাপশনসহ ছবি: (প্রমাণক : সংযুক্তি-১)



২. বিডা'র সমন্বিত পরিদর্শন কার্যক্রমের ক্যাপশনসহ ছবি: (প্রমাণক : সংযুক্তি-২)



৩. শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের ক্যাপশনসহ ছবি: (প্রমাণক : সংযুক্তি-৩)

